

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা ১৪ নভেম্বর

■ রাজশাহী অফিস

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ ভ্রাতক কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ১৪ নভেম্বর শনিবার অনুষ্ঠিত হবে। রুয়েটের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় অংশ নিতে আগ্রহী শিক্ষার্থীরা ৪ অক্টোবর থেকে ১৭ অক্টোবর বিকাল ৫টা পর্যন্ত টেলিটক প্রিপেইড মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবেন। তবে GCE 'O' I/A level এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাস করা ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদনপত্র পূরণ করে ডা. ক/গ্রুপের জন্য ৭০০ টাকার এবং খ/গ্রুপের জন্য ৮০০ টাকার ব্যাংক ড্রাফটসহ ১৭ অক্টোবর বিকাল ৫টার মধ্যে রেজিস্ট্রার বরাবর মাখিল করতে হবে।

চলতি শিক্ষাবর্ষে রুয়েটের ১২টি বিভাগে সর্বমোট ৮১৫টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি শিখ্রই বিভিন্ন পত্রিকায় '১ম বর্ষ ভর্তি বিজ্ঞপ্তি' ও রুয়েটের প্রশাসনিক ডবনের নোটিস বোর্ডে অথবা www.ruet.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য অফিস সময়ে (সকাল ৯টা-বিকাল ৫টা) ০১৫৫৫৫৫৫০২১ ও ০১৫৫৫৫৫৫০২২ মোবাইল নম্বরে যোগাযোগ করা যাবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা আগামী ২৮ অক্টোবর রুয়েটের প্রশাসনিক ডবনের নোটিস বোর্ডে ও www.ruet.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আর আগামী ১৪ নভেম্বর রুয়েটের বিভিন্ন ডবনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।